দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃষ্ঠা ১৫ কলাম ৬ MAR. 21 2002



# রাশিয়ায় চিকিৎসাবিজ্ঞানে উচ্চশিক্ষা

অন্যদেশে পড়াশোনায় আজ থাকছে রাশিয়ায় চিকিৎসা-বিজ্ঞানে উচ্চশিক্ষা নিয়ে পড়াশোনার তথ্য। এখন রাশিয়ার অনেক বিশ্বখ্যাত বিশ্ববিদ্যালয়ে ইংরেজী মিডিয়ামে চিকিৎসাবিজ্ঞান পড়া সম্ভব, যা আজ থেকে তিন বছর আগেও স্বপ্ন ছিল। শুধু তাই নয়, ঐ সকল বিশ্ববিদ্যালয়ের সাথে ইউরোপ ও আমেরিকার সব নামকরা বিশ্ববিদ্যালয়ের ক্রেডিট ট্রান্সফার সুবিধা রয়েছে বলে যে কোন ছাত্রছাত্রী চার-ছয় সেমিস্টার শেষ করেই বাকি সেমিস্টার পূরণের জন্য ঐ সকল দেশে খুব সহজেই যেতে পারছেন। বর্তমানে রাশিয়ায় ইংরেজী মিডিয়ামে যে সকল বিশ্ববিদ্যালয়/একাডেমীতে মেডিসিন পড়া সম্ভব সেগুলো হচ্ছে Volgograd State Medical Academy, I.M. Sechenov Medical Academy, Russian State Medical University. তন্মধ্যে Volgograd Medical Academy-র বার্ষিক টিউশন ফী মাত্র ২৫০০ ডলার। বাকি দুটোর টিউশন ফী গড়ে সাড়ে তিন হাজার ডলার। আর রুশ মিডিয়ামে স্বল্প টিউশন ফীতে পড়ার জন্য ভাল Universityগুলো হচ্ছে People's Friendship University, Lomonsov Moscow State University, Novgorod State University, Saint-Petersburg State University ইত্যাদি। এই সকল বিশ্ববিদ্যালয়ে টিউশন ফী সাধারণত ১৫০০ ডলার থেকে ২২০০ ডলার পর্যন্ত নির্ভর করে। রাশিয়ায় ১৯৭২ সাল থেকেই বাংলাদেশী ছাত্রছাত্রীদের একটা বিশাল কমিউনিটি গড়ে উঠেছে, যা নিউইয়র্ক ও লন্ডনে খ্যাত বাঙালী পাড়ার মতো। অনেকে চাকরি নিয়ে ও ব্যবসার সুবাদে মস্কোতেই স্থায়ী আসন করে নিয়েছেন। এ ছাড়া মস্কোতে অধ্যয়ন শেষে প্রায় তিন শ' চিকিৎসক বাংলাদেশের সর্বত্র তাঁদের পেশায় নিয়োজিত আছেন। রাশিয়ার এই সকল উল্লিখিত মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিশ্বের বিশ্ববিদ্যালয় রেটিংয়ে প্রথম থেকে দশের তালিকায় অবস্থান করছে। অতএব, যাঁরা সত্যিকার অর্থে উচ্চশিক্ষার জন্য বিশেষ করে চিকিৎসাবিজ্ঞানে পড়তে ইচ্ছুক, তাঁরা রাশিয়াকে বেছে নিতে পারেন।



বিস্তারিত তথ্যের জন্য আপনি সরাসরি বাংলাদেশস্থ রুশ ফেডারেশন দূতাবাসের সাংস্কৃতিক বিভাগের শিক্ষা শাখায় (বাড়ি নং-৫১০, রোড নং-৭, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫, ফোন ঃ ৯১১৮৫৩১, ৯১১৬৩১৪) যোগাযোগ করতে পারেন অথবা যাঁরা ইন্টারনেট ব্রাউস করতে পারেন তাঁরা russia.com-এ ঢুকে সবরকম তথ্য সংগ্রহ করতে পারেন।

সুপ্রিয় কুমার চক্রবর্তী